ব্যবস্থাপনা পরিচালক, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (কেজিডিসিএল)

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই ২০২০ - ৩০ জুন ২০২১

# সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| উপক্রমণিকা | ০৩ |
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র: | ০৪ |
| সেকশন ১ : রূপকল্প , অভিলক্ষ্য , কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | ০৫ |
| সেকশন ২ : বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব | ০৬ |
| সেকশন ৩ : কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ০৭ |
| সংযোজনী ১: শব্দসংক্ষেপ | ১০ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি | ১১ |
| সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা | ১২ |

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তরসমূহে প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (কেজিডিসিএল)

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা) এর মধ্যে

২০২০ সালের ....জুলাই.......... মাসের ....২৯................ তারিখে

এ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## কেজিডিসিএল এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of KGDCL)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ ও ভবিষ্যৎ পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জন:**

কেজিডিসিএল গত ৩ বছরে ডিভিডেন্ড বাবদ ৪০৯.০০ কোটি টাকা এবং কর হিসেবে ৫৭০.০০ কোটি টাকা রাষ্ট্রীয় কোষাগারে জমা প্রদান করেছে। ২০১৯-২০ অর্থবছরে গ্যাস বিল বকেয়া ও অবৈধভাবে গ্যাস ব্যবহারের কারণে ১১,১৬৫ টি গ্যাস সংযোগ (বার্ণার) বিচ্ছিন্ন করা হয়েছে। গ্রাহকের নিকট গ্যাস বিক্রয় বাবদ বকেয়া বিলের পরিমাণ ৩.০০ মাসের বিক্রয়ের সমপরিমাণের মধ্যে রয়েছে। গ্রামীণ ফোন সহ ২১টি ব্যাংকের বিভিন্ন শাখার মাধ্যমে গ্রাহকগণ দেশের যে কোন প্রান্ত থেকে অন-লাইনে গ্যাস বিল পরিশোধ করতে পারছেন। গ্রাহক সেবার মান উন্নয়ন ও গ্রাহক সেবা সংক্রান্ত তথ্যাদি সহজলভ্য করার লক্ষ্যে তথ্য সমৃদ্ধ ওয়েবসাইট চালু করা হয়েছে। আবাসিক খাতে গ্যাসের সাশ্রয়ী ব্যবহার নিশ্চিত ও অপচয় হ্রাসকল্পে নগরীর ৬০,০০০ আবাসিক সংযোগে অত্যাধুনিক প্রযুক্তির প্রি-পেইড মিটার স্থাপন করা হয়েছে। আমদানিকৃত এলএনজি কেজিডিসিএল সিস্টেমে গ্রহণ এবং মীরসরাই অর্থনৈতিক অঞ্চলে গ্যাস সরবরাহের লক্ষ্যে কেজিডিসিএল-এর নিজস্ব অর্থায়নে ৩০৬.০০ কোটি টাকা ব্যয়ে "মীরসরাই অর্থনৈতিক অঞ্চল-এর জন্য গ্যাস পাইপ লাইন নির্মাণ ও কেজিডিসিএল গ্যাস বিতরণ নেটওয়ার্ক আপগ্রেডেশন'' শীর্ষক প্রকল্প সম্পন্ন করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

কেজিডিসিএল অধিভুক্ত এলাকায় বিভিন্ন শ্রেণির গ্রাহক কর্তৃক দৈনিক গ্যাস ভোগের পরিমাণ গড়ে প্রায় ৩২০-৩৪০ মিলিয়ন ঘনফুট। কোম্পানির গ্যাস বিতরণ নেটওয়ার্ক প্রায় ২৫/৩০ বৎসরের পুরোনো। চট্টগ্রাম শহরের ভৌগলিক অবস্থান ও বিভিন্ন সরকারি সংস্থার উন্নয়নমূলক কার্যক্রমের পরিপ্রেক্ষিতে নেটওয়ার্ক প্রায় প্রতিনিয়ত ক্ষতিগ্রস্ত হচ্ছে। এই কারণে রক্ষণাবেক্ষণ খাতে ব্যয়ের পরিমাণও বৃদ্ধি পাচ্ছে। নতুন সংযোগ প্রক্রিয়াধীন গ্রাহকদের গ্যাস চাহিদা বিবেচনায় নতুন গ্যাস অবকাঠামো নির্মাণের প্রয়োজন হবে। সর্বোপরি গ্রাহক পর্যায়ে জ্বালানি-সাশ্রয়ী গ্যাস সরঞ্জাম নিশ্চিত করা আবশ্যক হয়ে দাঁড়িয়েছে। সরকারি আবাসনসমূহে বসবাসরত কর্মকর্তা/কর্মচারীদের বেতন থেকে কর্তনকৃত বকেয়া গ্যাস বিল আদায়, সরকারি পাটকলসমূহ কেপিএম, চিটাগাং স্টীল মিল ও অপরাপর সরকারি প্রতিষ্ঠানসহ সকল শ্রেণির খেলাপি গ্রাহকের বকেয়া বিল আদায়।

সর্বোপরি, কোভিড ১৯ এর কারণে দেশে দীর্ঘদিন সাধারণ ছুটি থাকায়, বিভিন্ন ব্যাংক কর্তৃক রাজস্ব আদায় বন্ধ থাকায় ও ফেব্রুয়ারী ২০২০ হতে মে ২০২০ পর্যন্ত সময়ের আবাসিক গ্যাস বিল সারচার্জ ব্যতিত জুন ২০২০ এর মধ্যে পরিশোধের সুযোগ দেয়ায় রাজস্ব আদায় বিপুল পরিমাণে হ্রাস পেয়েছে এবং বকেয়ার পরিমান বৃদ্ধি পেয়েছে। উক্ত বকেয়া আদায় বর্তমানে একটি বড় চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

সরকারের ভিশন-২০২১ বাস্তবায়ন এবং ২০৪১ সালের মধ্যে দেশকে উন্নত আয়ের দেশে পরিণত করার লক্ষ্যে কেজিডিসিএল কর্তৃক বিভিন্ন কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। কেজিডিসিএল'র বিতরণ লাইনের আপগ্রেডেশন, কেজিডিসিএল অধিভুক্ত এলাকায় আমদানিকৃত এলএনজি সংস্থানের লক্ষ্যে ফৌজদারহাট সিজিএস হতে চৌন্দগাও জিরো পয়েন্ট পর্যন্ত ২৪" ব্যাসের ৩৫০ পিএসআইজি চাপযুক্ত ১২ কি.মি. পাইপলাইন নির্মাণ, ফৌজদারহাট হতে বারৈয়ারহাট পর্যন্ত ২০" ব্যাসের ৬০ কি.মি. বিতরণ পাইপলাইন নির্মাণ, রিং-মেইন হতে বোয়ালখালি এলাকায় আরইবি প্রস্তাবিত বিদ্যুৎ কেন্দ্র পর্যন্ত ২০" ব্যাসের পাইপলাইন নির্মাণ এবং লোহাগড়া, সাতকানিয়া, কেরাণিহাট ও তৎসংলগ্ন এলাকায় ভবিষ্যতে স্থাপিতব্য শিল্পগ্রাহককে গ্যাস সরবরাহের জন্য ১০" ব্যাসের ৬০ কি.মি. নতুন গ্যাস পাইপলাইন নির্মাণ; নতুন আরএমএস, ডিআরএস স্থাপন ও আপগ্রেডেশন; ন্যাচারেল গ্যাস ইফিসিয়েন্সি প্রজেক্ট এর পর্ব-২ ও পর্ব-৩ এর আওতায় যথাক্রমে ২.০০ লক্ষ ও ১.০০ লক্ষ আবাসিক প্রি-পেইড মিটার স্থাপন; চট্টগ্রাম ফৌজদারহাটস্থ অফিস বিল্ডিং, ল্যাব বিল্ডিং ও স্টোর বিল্ডিং নির্মাণ, চট্টগ্রাম নগরীর জিইসি এলাকায় সিডিএ এভিনিউ সংলগ্ন সড়কের পাশে ভবন নির্মাণ; কর্মকর্তাদের আবাসন সমস্যা নিরসনে ভবন নির্মাণ; ইভিসি মিটার স্থাপন-সংক্রান্ত সরকারি প্রজ্ঞাপন অনুযায়ী বিভিন্ন শ্রেণির গ্রাহকের আরএমএস-এ ইভিসিযুক্ত মিটার স্থাপন; কোম্পানির সম্পূর্ণ বিতরণ নেটওয়ার্কের ডিজিটাল ম্যাপ নির্মাণ; কোম্পানির টিবিএস ও ডিআরএসসহ বিভিন্ন গ্রাহকের সিএমএসগুলোর মেরামত কাজ যথাযথভাবে সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় স্পেয়ার পার্টস বিদেশ থেকে সংগ্রহ।

**২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- 'মুজিববর্ষ' উপলক্ষ্যে গৃহীত বিভিন্ন জনহিতকর কার্যক্রমের আওতায় 'বিকাশ ও রকেট এর মাধ্যমে গ্রাহকের নিকট হতে গ্যাস বিল আদায় ব্যবস্থা চালুকরণ'
- গ্যাস বিক্রয় ১০০ বিসিএফ;
- বকেয়া পাওনা ৩.৫০ (তিন দশমিক পাঁচ শূন্য) মাসের গড় বিক্রয়ের নিম্নে রাখা;
- নতুন সংযোগ প্রদান করা ৩০ টি;
- নতুন গ্যাস পাইপ লাইন নির্মাণ ১৫ কি.মি.;
- অবৈধ ও খেলাপি গ্রাহকদের সংযোগ বিচ্ছিন্ন করা ৫,০০০ টি বার্ণার;
- ইভিসি যুক্ত মিটার স্থাপন ১৫ টি;
- মানব সম্পদ উন্নয়ন ৩০০ জন এবং
- ওএসএস চালুকরণ।

## সেকশন ১:

কেজিডিসিএল-এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলি (Functions):

**১.১ রূপকল্প:**

সকল গ্রাহককে নিরবচ্ছিন্ন প্রাকৃতিক গ্যাস বিতরণ।

**১.২ অভিলক্ষ্য:**

সাশ্রয়ী, নিরাপদ ও নিরবচ্ছিন্নভাবে কেজিডিসিএল আওতাভুক্ত এলাকার গ্রাহকগণকে প্রাকৃতিক গ্যাস সরবরাহ।

**১.৩. কৌশলগত উদ্দেশ্যসমূহ:**

**১.৩.১ কেজিডিসিএল এর কৌশলগত উদ্দেশ্যসমূহ:**

১. জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করা;

২. জ্বালানির সাশ্রয়ী ব্যবহার এবং অপচয় রোধ ব্যবস্থা নিশ্চিতকরণ; এবং

৩. মানব সম্পদের কর্মদক্ষতা বৃদ্ধি করা।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:**

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ;

২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি; এবং

৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন।

**১.৪ কার্যাবলী:**

১.৪.১ গ্যাস আইন ২০১০, গ্যাস বিপণন নিয়মাবলী ২০১৪ এবং অন্যান্য সরকারি নিয়মনীতি মোতাবেক গ্যাস সরবরাহ, বিপণন ও রাজস্ব আদায় করা;

১.৪.২ কেজিডিসিএল এর আওতাভুক্ত এলাকায় প্রাকৃতিক গ্যাস সরবরাহের লক্ষ্যে বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন করা;

১.৪.৩ কেজিডিসিএল এর আওতাভুক্ত এলাকায় বিদ্যমান গ্যাস বিতরণ পাইপলাইন এর আপগ্রেডেশন;

১.৪.৪ কেজিডিসিএল এর আওতাভুক্ত এলাকায় টিবিএস/ডিআরএস এর আপগ্রেডেশন;

১.৪.৫ সরকারি বিধি-বিধান অনুসারে রাষ্ট্রীয় কোষাগারে রাজস্ব জমা করা।

১.৪.৬ গ্রাহকদের অসাধু কার্যক্রম রোধ ও গ্যাসচুরি প্রতিহতকল্পে ভিজিল্যান্স কার্যক্রম জোরদার করা;

১.৪.৭ কেজিডিসিএল অধিভুক্ত এলাকায় গ্যাস বিতরণ পাইপলাইন এর সক্ষমতা বৃদ্ধি ও স্ক্যাডা প্রকল্প বাস্তবায়ন;

১.৪.৮ মানসম্মত গ্রাহকসেবা নিশ্চিতকরণ, বিল পরিশোধ পদ্ধতি সহজিকরণ, জ্বালানি ব্যবহারে সতর্কতা ও করণীয়-সংক্রান্ত জনবিজ্ঞপ্তি প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচার; এবং

১.৪.৯ গ্যাসের অপচয় রোধ ও তাপীয় দক্ষতা বৃদ্ধিকল্পে গ্রাহক আঙ্গিনায় জ্বালানি-সাশ্রয়ী গ্যাস সরঞ্জাম ব্যবহারের জন্য গ্রাহককে উদ্বুদ্ধকরণ এবং ইভিসিযুক্ত মিটার স্থাপনের সরকারি প্রজ্ঞাপন অনুযায়ী পর্যায়ক্রমে সকল গ্রাহক প্রান্তে ইভিসিযুক্ত মিটার স্থাপন।

## সেকশন-২
## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | | ২০২১-২২ | ২০২২-২৩ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| [১] গ্যাস সরবরাহ | [১.১] বিদ্যুৎ খাতে গ্যাস সরবরাহ | বিসিএফ | ৩১.০৮ | ৪০.৩৩ | ২৯.৬৫ | ২৯.৬৫ | ২৯.৬৫ | ১.জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ<br>২. অর্থ বিভাগ<br>৩. অর্থনৈতিক সম্পর্ক বিভাগ<br>৪. পরিকল্পনা কমিশন<br>৫. স্থানীয় প্রশাসন<br>৬. পেট্রোবাংলা ও<br>৭. পেট্রোবাংলার আওতাধীন প্রতিষ্ঠানসমূহ | ১. পেট্রোবাংলাসহ পেট্রোবাংলার আওতাধীন প্রতিষ্ঠানসমূহের রিপোর্ট<br>২. কোম্পানির বিভিন্ন ডিভিশন/ডিপার্টমেন্ট/শাখা হতে প্রেরিত রিপোর্ট<br>৩. কেজিডিসিএল অনুমোদিত বাজেট, বার্ষিক প্রতিবেদন ও এমআইএস প্রতিবেদন |
| | [১.২] সার খাতে গ্যাস সরবরাহ | বিসিএফ | ২২.৩৬ | ১৮.৫১ | ১৫.৯১ | ১৫.৯১ | ১৫.৯১ | | |
| | [১.৩] শিল্প খাতে গ্যাস সরবরাহ | বিসিএফ | ১৬.০৫ | ১৫.৪০ | ১৩.২১ | ১৩.২১ | ১৩.২১ | | |
| | [১.৪] আবাসিক খাতে গ্যাস সরবরাহ | বিসিএফ | ২১.৭৮ | ১৮.৭১ | ১৫.৯৬ | ১৫.৯৬ | ১৫.৯৬ | | |
| | মোট | | ৯১.২৭ | ৯২.৯৫ | ৭৪.৭৩ | ৭৪.৭৩ | ৭৪.৭৩ | | |

## সেকশন-৩

## কৌশলগত উদ্দেশ্য, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি (Calculation method) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ (Target /Criteria Value for FY 2020-21 ) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ | প্রক্ষেপণ (Projection) ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| কেজিডিসিএল-এর কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [১] জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করা | ৪৩ | [১.১] গ্যাস বিক্রয় | [১.১.১] বিক্রয়কৃত গ্যাসের পরিমাণ | সমষ্টি | বিসিএফ | ২৩ | ১১২.৯৪ | ১১৫.০৪ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০.০০ | ১০০.০০ |
| | | [১.২] বকেয়া পাওনা কত মাসের গড় বিক্রয়ের সমতুল্য | [১.২.১] বকেয়া সমতুল্য মাস | গড় | সংখ্যা | ১০ | ২.৩০ | ৩.০০ | ৩.৫০ | ৩.৮৫ | ৪.২০ | ৪.৫৫ | ৪.৯০ | ৩.০০ | ৩.০০ |
| | | [১.৩] নতুন গ্যাস সংযোগ প্রদান করা | [১.৩.১] সংযোগকৃত সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৫ | ১০১ | ৮০ | ৩০ | ২৭ | ২৪ | ২১ | ১৮ | ৩০ | ২৫ |
| | | [১.৪] নতুন গ্যাস পাইপলাইন নির্মাণ | [১.৪.১] নির্মিত পাইপলাইন এর দৈর্ঘ্য | সমষ্টি | কি.মি. | ৫ | ৪৮.৯৮ | ২১.৩১ | ১৫ | ১৩.৫০ | ১২.০০ | ১০.৫০ | ৯.০০ | ১৫ | ২০ |
| [২] জ্বালানির সাশ্রয়ী ব্যবহার এবং অপচয় রোধ ব্যবস্থা নিশ্চিতকরণ | ১৫ | [২.১] অবৈধ ও খেলাপি গ্রাহকদের সংযোগ বিচ্ছিন্ন করা | [২.১.১] বিচ্ছিন্নকৃত সংযোগ সংখ্যা (বার্ণার) | সমষ্টি | সংখ্যা | ১০ | ৮,২৮৩ (বার্ণার) | ১১,১৬৫ (বার্ণার) | ৫,০০০ (বার্ণার) | ৪,৫০০ | ৪,০০০ | ৩,৫০০ | ৩,০০০ | ৫,০০০ | ৫,০০০ |
| | | [২.২] ইভিসি যুক্ত মিটার স্থাপন | [২.২.১] স্থাপনকৃত ইভিসি যুক্ত মিটার | সমষ্টি | সংখ্যা | ৫ | ৩৭ | ৩২ | ১৫ | ১৪ | ১২ | ১১ | ৯ | ১৫ | ১০ |
| [৩] মানব সম্পদের কর্মদক্ষতা বৃদ্ধি করা | ১০ | [৩.১] মানব সম্পদ উন্নয়ন | [৩.১.১] প্রশিক্ষিত কর্মকর্তা/কর্মচারীবৃন্দ | সমষ্টি | সংখ্যা | ১০ | ৭৮৪ | ৪৯০ | ৩০০ | ২৭০ | ২৪০ | ২১০ | ১৮০ | ৩২০ | ৩৫৫ |
| [৪] বিনিয়োগ বিকাশে পদক্ষেপ গ্রহণ | ৭ | [৪.১] বেজা/এসইজেড শিল্পাঞ্চলের গ্যাস সংযোগ আবেদন নিষ্পত্তিতে সময়সীমা | [৪.১.১] আদেশ জারী | সমষ্টি | সময় (দিন) | ২ | - | - | ৩০ | ৪০ | ৫০ | ৭০ | ৯০ | - | - |
| | | [৪.২] ওএসএস এর মাধ্যমে সেবা প্রদান | [৪.২.১] আদেশ জারী | সমষ্টি | তারিখ | ২ | - | - | ৩১.১২.২০২০ | ৩১.০১.২০২১ | ২৮.০২.২০২১ | ৩১.০৩.২০২১ | ৩০.০৪.২০২১ | - | - |
| | | [৪.৩] বাস্তবায়ন ও পরিবীক্ষণ | [৪.৩.১] প্রদত্ত সেবা সম্পর্কে মতামত সংগ্রহের পদ্ধতি ও সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ১.৫ | - | - | ৪ | ৩ | ২ | ১ | ১ | - | - |
| | | [৪.৪] ওএসএস সম্পর্কিত তথ্য প্রচার ও সেবা প্রার্থী কর্তৃক তথ্য জানার সুযোগ | [৪.৪.১] পদ্ধতি ও সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ১.৫ | - | - | ৪ | ৩ | ২ | ১ | ১ | - | - |

# কেজিডিসিএল এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০২০-২১

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রার মান ২০২০-২১ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১১ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন। | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সংখ্যা | ২ | ৪ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সংখ্যা | ১ | ১২ | ১১ | - | - | - |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | | - |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৮ | [২.১]ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিষ্পত্তিকৃত | % | ২ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | [২.২] উদ্ভাবনী /ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ বাস্তবায়ন | [২.২.১] নূনতম একটি উদ্ভাবনী /ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ চালুকৃত | সংখ্যা | ২ | ১৫-২-২১ | ১৫-৩-২১- | ১৫-৪-২১ | ১৫-৫-২১ | - |
| | | [২.৩] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৩.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | জনঘণ্টা | ২ | ৪০ | ৩০ | ২০ | ১০ | - |
| | | | [২.৩.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | জনঘণ্টা | ১ | ৫ | ৪ | - | - | - |
| | | [২.৪] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৪.১] ন্যূনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সংখ্যা | ১ | ১ | - | - | - | - |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ২ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | - |
| | | [৩.৪] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্ধতন অফিসে প্রেরণ | [৩.৪.১] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্ধতন অফিসে প্রেরিত | তারিখ | ১ | ১৫-১২-২০ | ১৪-০১-২১ | ১৫-২-২১ | - | - |

আমি, ব্যবস্থাপনা পরিচালক, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (কেজিডিসিএল), চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)- এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা), কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (কেজিডিসিএল) এর ব্যবস্থাপনা পরিচালকের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

Khaiz Ahmed Mozumder
Managing Director
Karnaphuli Gas Distribution Company Limited

ব্যবস্থাপনা পরিচালক
কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (কেজিডিসিএল)

২৯/০৭/২০২০
তারিখ

চেয়ারম্যান
বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

এ বি এম আবদুল ফাত্তাহ্
চেয়ারম্যান
বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন
(পেট্রোবাংলা)।

২৯/০৭/২০২০
তারিখ

# শব্দসংক্ষেপ
## (Acronyms)

| ক্রমিক নং | শব্দসংক্ষেপ | বর্ণনা |
|---|---|---|
| ১. | কেজিডিসিএল | কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড |
| ২. | বিসিএফ | বিলিয়ন কিউবিক ফিট |
| ৩. | বিপিসি | বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন |
| ৪. | বিপিআই | বাংলাদেশ পেট্রোলিয়াম ইনষ্টিটিউট |
| ৫. | বিটিইউ | ব্রিটিশ থার্মাল ইউনিট |
| ৬. | ইএমআরডি | এনার্জি এন্ড মিনারেল রিসোর্সেস ডিভিশন |
| ৭. | কেপিএম | কর্ণফুলী পেপার মিলস্ |
| ৮. | সিএমএস | কাস্টমার মিটারিং স্টেশন |
| ৯. | ডিআরএস | ডিস্ট্রিক্ট রেগুলেটিং স্টেশন |
| ১০. | এলএনজি | লিক্যুইফাইড ন্যাচারাল গ্যাস |
| ১১. | টিবিএস | টাউন বর্ডারিং স্টেশন |
| ১২. | জিআইএস | জিওগ্রাফিক্যাল ইনফরমেশন সিস্টেম |
| ১৩. | ইভিসি | ইলেকট্রনিক ভলিউম কারেক্টর |
| ১৪. | জিটিসিএল | গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড |
| ১৫. | বিজিএফসিএল | বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড |
| ১৬. | এসজিএফএল | সিলেট গ্যাস ফিল্ডস্ লিমিটেড |
| ১৭. | বাপেক্স | বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড |
| ১৮. | এসআইপি | ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প |
| ১৯. | পিআরএল | পোস্ট রিটায়ারমেন্ট লিভ |
| ২০. | পিআই | পারফরমেন্স ইনডিকেটর |
| ২১. | ই-নথি | ইলেকট্রনিক নথি |
| ২২. | বিসিসি | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল |
| ২৩. | বিটিসিএল | বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানী লিমিটেড |
| ২৪. | কি.মি. | কিলোমিটার |
| ২৫. | সিইউএফএল | চিটাগং ইউরিয়া ফার্টিলাইজার লিমিটেড |
| ২৬. | কাফকো | কর্ণফুলী ফার্টিলাইজার কোম্পানী |
| ২৭. | জিইসি | জেনারেল ইলেক্ট্রিক কোম্পানী |
| ২৮. | এমএমসিএফ | মিলিয়ন কিউবিক ফিট |
| ২৯. | এসডি | সাপ্লিমেন্টারি ডিউটি |
| ৩০. | ভ্যাট | ভ্যালু এডেড ট্যাক্স |
| ৩১. | এপিএ | এন্যুয়াল পারফরমেন্স এগ্রিমেন্ট |
| ৩২. | এসপিএস | শিকলবাহা পাওয়ার স্টেশন |

## সংযোজনী-২

## কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | কার্যক্রমের বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | প্রমাণকের উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|---|
| ১ | 'মুজিববর্ষ' উপলক্ষ্যে গ্রাহক সেবা চালুকরণ | বিকাশ ও রকেট এর মাধ্যমে গ্যাস বিল পরিশোধ সুবিধা চালুকরণ | কোম্পানির অন্যান্য সেবার মধ্যে বিকাশ ও রকেট এর মাধ্যমে গ্যাস বিল পরিশোধ সুবিধা চালু অর্ন্তভুক্তকরণ | ১. আইটি ও পিঃ এমঃ ডিভিশন, কেজিডিসিএল | কেজিডিসিএল অনুমোদিত বাজেট, বার্ষিক প্রতিবেদন ও এমআইএস প্রতিবেদন | ৬<br>১. পেট্রোবাংলাসহ পেট্রোবাংলার আওতাধীন প্রতিষ্ঠানসমূহের রিপোর্ট<br>২. কোম্পানির বিভিন্ন ডিভিশন/ডিপার্টমেন্ট/ শাখা হতে প্রেরিত রিপোর্ট<br>৩. কেজিডিসিএল অনুমোদিত বাজেট, বার্ষিক প্রতিবেদন ও এমআইএস প্রতিবেদন |
| ২ | [১.১] গ্যাস বিক্রয় | [১.১.১] গ্যাস বিক্রয়ের পরিমাণ | কোম্পানির মোট বাৎসরিক গ্যাস বিক্রয়ের পরিমাণ | ১. বিপণন ডিভিশন, কেজিডিসিএল | কেজিডিসিএল অনুমোদিত বাজেট, বার্ষিক প্রতিবেদন ও এমআইএস প্রতিবেদন | |
| ৩ | [১.২] বকেয়া পাওনা কত মাসের গড় বিক্রয়ের সমতুল্য | [১.২.১] বকেয়া সমতুল্য মাস | মোট বকেয়া টাকায়/ মাসিক গড় গ্যাস বিক্রয়ের পরিমাণ টাকায় | ১. বিপণন ডিভিশন, কেজিডিসিএল<br>২. ফাইনান্স ডিভিশন, কেজিডিসিএল | কেজিডিসিএল অনুমোদিত বাজেট, বার্ষিক প্রতিবেদন ও এমআইএস প্রতিবেদন | |
| ৪ | [১.৩] নতুন গ্যাস সংযোগ প্রদান করা | [১.৩.১] সংযোগকৃত সংখ্যা | কোম্পানির মোট বাৎসরিক গ্যাস সংযোগ সংখ্যা | ১. বিপণন ডিভিশন, কেজিডিসিএল<br>২. ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস ডিভিশন, কেজিডিসিএল | কেজিডিসিএল অনুমোদিত বাজেট, বার্ষিক প্রতিবেদন ও এমআইএস প্রতিবেদন | |
| ৫ | [১.৪] নতুন গ্যাস পাইপলাইন নির্মাণ | [১.৪.১] নির্মিত পাইপলাইন এর দৈর্ঘ্য | কোম্পানির মোট বাৎসরিক নির্মাণকৃত গ্যাসপাইপ লাইনের পরিমাণ | ১. বিপণন ডিভিশন, কেজিডিসিএল<br>২. পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন, কেজিডিসিএল<br>৩. নেটওয়ার্ক আপগ্রেডেশন প্রকল্প, কেজিডিসিএল | কেজিডিসিএল অনুমোদিত বাজেট, বার্ষিক প্রতিবেদন ও এমআইএস প্রতিবেদন | |
| ৬ | [২.১] অবৈধ ও খেলাপি গ্রাহকদের সংযোগ বিচ্ছিন্ন করা | [২.১.১] বিচ্ছিন্নকৃত সংযোগ সংখ্যা | বাৎসরিক গ্যাস সংযোগ বিচ্ছিন্নের মোট সংখ্যা | ১. বিপণন ডিভিশন, কেজিডিসিএল<br>২. ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস ডিভিশন, কেজিডিসিএল<br>৩. ফাইনান্স ডিভিশন, কেজিডিসিএল<br>৪. ভিজিল্যান্স ডিপার্টমেন্ট, কেজিডিসিএল | কেজিডিসিএল অনুমোদিত বাজেট, বার্ষিক প্রতিবেদন ও এমআইএস প্রতিবেদন | |
| ৭ | [২.২] ইভিসি যুক্ত মিটার স্থাপন | [২.২.১] স্থাপনকৃত ইভিসি যুক্ত মিটার | বাৎসরিক ইভিসি যুক্ত মিটার স্থাপন সংখ্যা | ১. বিপণন ডিভিশন, কেজিডিসিএল | কেজিডিসিএল অনুমোদিত বাজেট, বার্ষিক প্রতিবেদন ও এমআইএস প্রতিবেদন | |
| ৮ | [৩.১.১] মানব সম্পদ উন্নয়ন | [৩.১.১] প্রশিক্ষিত কর্মকর্তা/কর্মচারীবৃন্দ | কর্মকর্তা/কর্মচারীবৃন্দের স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণ, সেমিনার/ ওয়ার্কশপে অংশ গ্রহণ, সংশ্লিষ্ট উচ্চশিক্ষা প্রদান | ১. প্রশাসন ডিভিশন, কেজিডিসিএল | কেজিডিসিএল অনুমোদিত বাজেট, বার্ষিক প্রতিবেদন ও এমআইএস প্রতিবেদন | |
| ৯ | [৪.১] শিল্প খাতে গ্যাস সংযোগ আবেদন নিষ্পত্তির সময়সীমা | [৪.১.১] আদেশ জারী | বাৎসরিক শিল্প খাতে গ্যাস সংযোগ আবেদন নিষ্পত্তির সময় | ১. বিপণন ডিভিশন, কেজিডিসিএল | কেজিডিসিএল অনুমোদিত বাজেট, বার্ষিক প্রতিবেদন ও এমআইএস প্রতিবেদন | |
| ১০ | [৪.২] ওএসএস এর মাধ্যমে সেবা প্রদান | [৪.২.১] আদেশ জারী | ওএসএস এর মাধ্যমে সেবা প্রদানের আদেশ জারী | ১. বিপণন ডিভিশন, কেজিডিসিএল<br>২. আইটি ও পিঃ এমঃ ডিভিশন, কেজিডিসিএল | কেজিডিসিএল অনুমোদিত বাজেট, বার্ষিক প্রতিবেদন ও এমআইএস প্রতিবেদন | |
| ১১ | [৪.৩] বাস্তবায়ন ও পরিবীক্ষণ | [৪.৩.১] প্রদত্ত সেবা সম্পর্কে মতামত সংগ্রহের পদ্ধতি ও সংখ্যা | বাৎসরিক প্রদত্ত সেবা সম্পর্কে মতামত সংগ্রহের পদ্ধতি ও সংখ্যা | ১. আইটি ও পিঃ এমঃ ডিভিশন, কেজিডিসিএল | কেজিডিসিএল অনুমোদিত বাজেট, বার্ষিক প্রতিবেদন ও এমআইএস প্রতিবেদন | |
| ১২ | [৪.৪] ওএসএস সম্পর্কিত তথ্য প্রচার ও সেবা প্রার্থী কর্তৃক তথ্য জানার সুযোগ | [৪.৪.১] পদ্ধতি ও সংখ্যা | বাৎসরিক ওএসএস সম্পর্কিত তথ্য প্রচার ও সেবা প্রার্থী কর্তৃক তথ্য জানার সুযোগ | ১. আইটি ও পিঃ এমঃ ডিভিশন, কেজিডিসিএল<br>২. প্রশাসন ডিভিশন, কেজিডিসিএল | কেজিডিসিএল অনুমোদিত বাজেট, বার্ষিক প্রতিবেদন ও এমআইএস প্রতিবেদন | |

# সংযোজনী ৩

## কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কাযক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| পেট্রোবাংলা | [১.১] গ্যাস বিক্রয় | [১.১.১] গ্যাস বিক্রয়ের পরিমাণ | প্রশাসনিক অনুমোদন | সরকারি আইন ও নীতি মোতাবেক | গ্রাহকের নিকট গ্যাস সরবরাহ বিঘ্নিত হবে এবং এর ফলে গ্রাহকগণের মধ্যে অসন্তোষ/অস্থিরতা তৈরি হতে পারে। |
| জিটিসিএল | | | চাহিদা অনুযায়ী গ্যাসের সরবরাহ | সরকারি আইন ও নীতি মোতাবেক | |
| বিজিএফসিএল | | | চাহিদা অনুযায়ী গ্যাস উত্তোলন | সরকারি আইন ও নীতি মোতাবেক | |
| এসজিএফএল | | | চাহিদা অনুযায়ী গ্যাস উত্তোলন | সরকারি আইন ও নীতি মোতাবেক | |
| বাপেক্স | | | চাহিদা অনুযায়ী গ্যাস উত্তোলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ | সরকারি আইন ও নীতি মোতাবেক | |
| পেট্রোবাংলা | [১.৩] নতুন গ্যাস সংযোগ প্রদান করা | [১.৩.১] সংযোগ সংখ্যা | প্রশাসনিক অনুমোদন | সরকারি আইন ও নীতি মোতাবেক | সংযোগ বন্ধের কারণে জনসাধারণের নিকট গ্যাস সরবরাহ বিঘ্নিত হবে। |
| পেট্রোবাংলা | [১.৪] নতুন পাইপলাইন নির্মাণ | [১.৪.১] পাইপলাইন এর দৈর্ঘ্য | প্রশাসনিক অনুমোদন | সরকারি আইন ও নীতি মোতাবেক | সময়মতো পাইপ লাইন নির্মাণ বা প্রকল্প বাস্তবায়ন না হলে নতুন এলাকায় গ্যাস সরবরাহ বিঘ্নিত হবে। |
| পরিকল্পনা কমিশন | | | প্রকল্প অনুমোদন | সরকারি আইন ও নীতি মোতাবেক | |
| অর্থনৈতিক সর্ম্পক বিভাগ | | | বৈদেশিক অর্থায়নের জন্য দাতা সংস্থা সমূহের সাথে যোগাযোগ | সরকারি আইন ও নীতি মোতাবেক | |
| অর্থ বিভাগ | | | ফান্ড অনুমোদন ও অর্থ ছাড়করণ | সরকারি আইন ও নীতি মোতাবেক | |
| পরিবেশ অধিদপ্তর,<br>বন ও পরিবেশ মন্ত্রণালয় | | | প্রকল্পের পরিবেশ সংক্রান্ত ছাড়পত্র ইস্যু | সরকারি আইন ও নীতি মোতাবেক | |
| পেট্রোবাংলা | [২.১] অবৈধ ও খেলাপী গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ | [২.১.১] বিচ্ছিন্নকৃত সংযোগ | প্রশাসনিক অনুমোদন | সরকারি আইন ও নীতি মোতাবেক | গ্যাস সংযোগ বিচ্ছিন্ন করা না গেলে বকেয়া আদায় সম্ভব হবে না এবং কোম্পানির নগদ প্রবাহ কমে যাবে। |
| বাংলাদেশ পুলিশ | | | নিরাপত্তা নিশ্চিতকরণ | সরকারি আইন ও নীতি মোতাবেক | |
| স্থানীয় প্রশাসন | | | নিরাপত্তা নিশ্চিতকরণ | সরকারি আইন ও নীতি মোতাবেক | |
| পেট্রোবাংলা | [২.২] ইভিসি যুক্ত মিটার স্থাপন করা | [২.২.১] ইভিসি যুক্ত মিটার স্থাপন | প্রশাসনিক অনুমোদন | সরকারি আইন ও নীতি মোতাবেক | ইভিসি যুক্ত মিটার স্থাপন বিঘ্নিত হবে। |
| পেট্রোবাংলা | [৩.১] মানব সম্পদ উন্নয়ন | [৩.১.১] জনবল প্রশিক্ষিত | প্রশাসনিক অনুমোদন | সরকারি আইন ও নীতি মোতাবেক | দক্ষ মানব সম্পদ উন্নয়ন ব্যহত হবে। |